

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৯৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. প্রথম অনুচ্ছেদ - সালাতের নিয়ম-কানুন

بَابُ صِفَةِ الصَّلُوةِ

### আরবী

وَعَنْ نَافِعِ: أَنَّ ابْنَ عُمَرَ كَانَ إِذَا دَخَلَ فِي الصَّلَاةِ كَبَّرَ وَرَفَعَ يَدَيْهِ وَإِذَا رَكَعَ رَفَعَ يَدَيْهِ وَإِذَا قَالَ سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ رَفَعَ يَدَيْهِ وَإِذَا قَامَ مِنَ الرَّكْعَتَيْنِ رَفَعَ يَدَيْهِ وَرَفَعَ ذَلِكَ ابْنُ عُمَرَ إِلَى نَبِيِّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ. رَوَاهُ الْبُخَارِيُّ

#### বাংলা

৭৯৪-[৫] নাফি' (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) সালাত (সালাত/নামায/নামাজ) আদায় শুরু করতে তাকবীরে তাহরীমা বলতেন এবং দু' হাত উপরে উঠাতেন। রুকূ' হতে উঠার সময় ''সামি'আল্লা-হু লিমান হামিদাহ'' বলার সময়ও দুই হাত উঠাতেন। এরপর দু' রাক্'আত আদায় করে দাঁড়াবার সময়ও দু' হাত উপরে উঠাতেন। ইবনু 'উমার (রাঃ) এসব কাজ রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম করেছেন বলে জানিয়েছেন। (বুখারী)[1]

# ফুটনোট

[1] সহীহ: বুখারী ৭৩৯, আবূ দাউদ ৭৪১, সুনানুল কুবরা লিল বায়হাক্কী ২৮১৪।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَإِذَا قَامَ مِنْ الرَّكْعَتَيْنِ رَفَعَ يَدَيْهِ) "দু' রাক্'আত আদায় করে দাঁড়াবার সময়ও ইবনু 'উমার (রাঃ) তার দু'হাত উপরে উঠাতেন।" অর্থাৎ- প্রথম দু' রাক্'আত আদায় করে তাশাহুদ পাঠ করার পর যখন তৃতীয় রাক্'আতের জন্য দাঁড়াতেন তখন তিনি তার দু'হাত উত্তোলন করতেন। এটি সালাতে দু'হাত উত্তোলনের চতুর্থ স্থান।

(النَبِيِّ عَمْرَ إِلَى النَبِيِّ اللَّهِ اللَّهِ عُمَرَ إِلَى النَّبِيِّ اللَّهِ اللَّهُ اللَّلَّا اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ ا



করেছেন বলে জানিয়েছেন"। অর্থাৎ- এ কাজগুলো ইবনু 'উমার (রাঃ)-এর নিজস্ব মতামতের ভিত্তিতে করেননি। বরং রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অত্র হাদীসে বর্ণিত স্থানসমূহে স্বীয় হস্ত উত্তোলন করেছেন বিধায় ইবনু 'উমার (রাঃ) এ স্থানসমূহে স্বীয় হাত উত্তোলন করেছেন। অতএব সালাতে উক্ত চার স্থানে হাত উত্তোলন করা সুন্নাত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন